

■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৪৬১২

পর্ব-২৪: স্বপ্ন (كتاب الرؤيا)

পরিচ্ছেদঃ প্রথম অনুচ্ছেদ

الْفَصلُ الْأُوَّلُ

আরবী

وَعَنْ أَبِي قَتَادَةَ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: «الرُّوْيَا الصَّالِحَةُ مِنَ اللَّهِ وَعَنْ أَبِي قَتَادَةَ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: «الرُّوْيَا الصَّالِحَةُ مِنَ اللَّيْطَانِ فَإِذَا رَأَى أَحَدُكُمْ مَا يُحِبُّ فَلَا يُحَدِّتُ بِهِ إِلَّا مَنْ يُحِبُّ وَإِذَا رَأَى مَا يَحْرَدُهُ فَلْ يَحُدِّتُ بِهِ إِلَّا مَنْ يُحِبُّ وَإِذَا رَأَى مَا يَحْرَدُهُ فَلْ يَتَعَوَّذُ بِاللَّهِ مِنْ شَرِّهَا وَمِنْ شَرِّ الشَّيْطَانِ وَلْيَتْفُلْ ثَلَاثًا وَلَا يُحَدِّتْ بِهَا أحدا فَإِنَّهَا لَى تَصْره»

বাংলা

৪৬১২-[৭] আবূ কতাদাহ্ (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রসূলুল্লাহ সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ উত্তম স্বপ্ন আল্লাহর পক্ষ হতে, আর খারাপ স্বপ্ন শয়তানের পক্ষ হতে। কাজেই তোমাদের যে কেউ ভালো স্বপ্ন দেখে, সে যেন তা শুধু এমন ব্যক্তির কাছে প্রকাশ করে যাকে সে ভালোবাসে। আর যদি কেউ এমন স্বপ্ন দেখে, যা তার নিকট অপছন্দনীয়, তাহলে সে যেন তার ক্ষতি এবং শয়তানের অনিষ্ট হতে আল্লাহর নিকট পানাহ চায় এবং (বামদিকে) তিনবার থুথু ফেলে। আর স্বপ্নটি যেন কারো নিকট প্রকাশ না করে, তাতে তার আর কোন ক্ষতি হবে না। (বুখারী ও মুসলিম)[1]

ফুটনোট

[1] সহীহ : বুখারী ৭০৪৪, ৭০৪৫; মুসলিম (২২৬১)-১, (২২৬১)-৪; মুওয়াত্ত্বা মালিক ৩৫১৫, সহীহ আত্ তারগীব ওয়াত্ তারহীব ১৫৯৯, আহমাদ ২২৬৪৪, আবূ ইয়া'লা ১৩৬৩, সহীহ ইবনু হিব্বান ৬০৫৯, শু'আবুল ইমান ৪৭৫৯, 'নাসায়ী'র কুবরা ৭৬২৭, আল মু'জামুল আওসাত্ব ২১৪৬, দারিমী ২১৪১, মুসান্নাফ 'আবদুর রায্যাক ২০৩৫৩, ইবনু আবু শায়বাহ্ ৩০৪৯৩, তিরমিয়ী ২২৭৭, ইবনু মাজাহ ৩৯০৯, আবু দাউদ ৫০২১।

ব্যাখ্যা



ব্যাখ্যাঃ অত্র হাদীসের মাঝে স্বপ্নের প্রকারসমূহের মধ্যে হতে দুই প্রকারকে উল্লেখ করা হয়েছে। উত্তম স্বপ্ন এবং খারাপ স্বপ্ন। উত্তম স্বপ্ন দেখলে আল্লাহ তা'আলার প্রশংসা করবে- এ মর্মে মহান আল্লাহ তা'আলা নির্দেশ করেন : 'আপনার পালনকর্তার নি'আমাতের কথা প্রকাশ করুন''- (সূরাহ্ আয্ যুহা- ৯৩ : ১১)। আর খারাপ স্বপ্ন দেখলে করণীয় হলো ধৈর্য ধারণ করা এবং কারো নিকটে প্রকাশ না করা- এ সম্পর্কে আল্লাহ তা'আলার বাণী : 'আপনি সবর করবেন। আপনার সব্র আল্লাহর জন্য ব্যতীত নয়''- (সূরাহ্ আন্ নাহল ১৬ : ১২৭)। ইয়াকুব (আ.) যখন ইউসুফ (আ.)-কে নিয়ে চিন্তা-ভাবনা, দুঃখের মাঝে পতিত হয়েছিল ঐ সময়ের কথা বর্ণনা করেন, ''তিনি ইয়াকুব (আ.) বললেনঃ আমি তো আমার দুঃখ ও অস্থিরতা আল্লাহর সমীপেই নিবেদন করছি''- (সূরাহ্ ইউসুফ ১২ : ৮৬)।

কাষী আবূ বকর ইবনুল 'আরাবী বর্ণনা করেছেন, উত্তম স্বপ্ন দেখলে যাদের নিকট বর্ণনা করা যাবে-

- (ক) জ্ঞানী ব্যক্তির নিকটে : তিনি স্বপ্নের ভালো ব্যাখ্যা করবেন যা সংঘটিত হওয়ার সম্ভাবনা থাকবে, অথবা নাসীহত করবে বা পরামর্শ দিবে যার দ্বারা তার উপকার হবে।
- (খ) বিচক্ষণ ব্যক্তির নিকট : তিনি স্বপ্নের ব্যাখ্যা সম্পর্কে জানেন, তিনি জানাবেন যা তার ওপর সংঘটিত হবে অথবা চুপ থাকবেন।
- (গ) প্রিয় ব্যক্তির নিকট : তিনি যদি ভালো কিছু জানেন তাহলে বলবেন। আর যদি ঐ সম্পর্কে অজানা বা সন্দেহ পোষণ করে থাকেন তাহলে চুপ থাকবেন। (ফাতহুল বারী ১২শ খন্ড, হাঃ ৬৯৮৪)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ আবু কাতাদাহ আল-আনসারী (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন